# আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা

## প্রতিযোগিতার নিয়মাবলি :

- ❖ প্রতিযোগিতাগুলির স্থান : ঈশ্বরচন্দ্র সভাকক্ষ, বিদ্যাসাগর মেট্রোপলিটন কলেজ, ৮এ, শিবনারায়ণ দাস লেন, কলকাতা–৭০০০০৬।
- ❖ সকল প্রতিযোগীকে নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট আগে প্রতিযোগিতা স্থলে উপস্থিত থাকতে হবে।
- ❖ রেজিস্ট্রেশন : শুধুমাত্র শেয়ার করা QR কোড-সংযুক্ত Google Form-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। স্পট রেজিস্ট্রেশনের কোনো ব্যবস্থা থাকবে না।
- ❖ সকল বিভাগেই শুধুমাত্র একক (Solo) অংশগ্রহণ গ্রহণযোগ্য।
- ❖ বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ❖ প্রতিযোগীকে অবশ্যই বিদ্যালয়ের পোশাকে, পরিচয়পত্র (School ID Card)-সহ আসতে হবে। কেবল নৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য উপযুক্ত পোশাক গণ্য করা হবে।

## পোস্টার অঙ্কন প্রতিযোগিতা :

- ❖ অঙ্কনের জন্য ১ ঘণ্টা সময় বরাদ্দ থাকবে। নির্ধারিত সময়ের মধ্যেই কাজ সম্পূর্ণ করতে হবে।
- ❖ অঙ্কনের কাগজ : আয়োজকদের সিল বা স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট অঙ্কনপত্র সরবরাহ করা হবে। প্রতিযোগীর নিজস্ব কাগজে আঁকা ছবি গ্রহণযোগ্য হবে না।
- ❖ জল রং (Water Colour) অথবা অ্যাক্রিলিক রং (Acrylic Colour) ব্যবহার করতে হবে। পেন্সিল স্কেচ গ্রহণযোগ্য হবে না।
- ❖ অঙ্কনপত্রের পিছনে অথবা নির্ধারিত স্থানে অংশগ্রহণকারীর নাম, বয়স, বিদ্যালয়ের নাম, শ্রেণি এবং যোগাযোগ নম্বর স্পষ্টভাবে লিখতে হবে।

## আবৃত্তি প্রতিযোগিতা :

- ❖ কোনো ধরনের ব্যাকগ্রাউন্ড সাউন্ড ট্র্যাক ব্যবহার করা যাবে না।
- ❖ প্রতিযোগীদের নির্বাচিত কবিতার একটি মুদ্রিত বা লিখিত কপি সঙ্গে রাখার পরামর্শ দেওয়া হচ্ছে।
- ❖ কবিতার তালিকা ( যে কোনো একটি নির্বাচন করতে হবে )

- ‘আমি চিত্রাঙ্গদা, রাজেন্দ্রনন্দিনী’ — রবীন্দ্রনাথ ঠাকুর

- ‘সবলা’ — রবীন্দ্রনাথ ঠাকুর
- ‘ও মেয়ে তুই নিজের পায়ে দাঁড়া’ — ইন্দ্রাণী মণ্ডল
- ‘Phenomenal Woman’ — Maya Angelou
- ‘A Litany for Survival’ — Audre Lorde

## সংগীত প্রতিযোগিতা :

❖ কোনো ধরনের ব্যাকগ্রাউন্ড সাউন্ড ট্র্যাক ব্যবহার করা যাবে না।

❖ কলেজের পক্ষ থেকে হারমোনিয়াম সরবরাহ করা হবে।

❖ গানের তালিকা ( যে কোনো একটি নির্বাচন করতে হবে )

- ‘জাগো নারী জাগো বহ্নিশিখা’ — কাজী নজরুল ইসলাম
- ‘যদি তোর ডাক শুনে কেউ’ — রবীন্দ্রনাথ ঠাকুর
- ‘আমি মারের সাগর পাড়ি দেব’ — রবীন্দ্রনাথ ঠাকুর
- ‘বিপদে মোরে রক্ষা করো’ — রবীন্দ্রনাথ ঠাকুর
- ‘Roar’ — Katy Perry
- ‘Brave’ — Sara Bareilles

## নৃত্য প্রতিযোগিতা :

❖ প্রতিযোগীরা শাস্ত্রীয়, লোকনৃত্য অথবা বিষয়ভিত্তিক ফিউশন শৈলীতে পরিবেশন করতে পারবে।

❖ পোশাক ও প্রয়োজনীয় উপকরণ (Props)-এর ব্যবস্থা প্রতিযোগীকেই করতে হবে।

❖ পরিবেশনার অডিয়ো ট্র্যাক USB ড্রাইভে অথবা মোবাইল ফোনে নিয়ে এসে প্রতিযোগিতা শুরুর পূর্বে অনুষ্ঠান সমন্বয়কারীদের কাছে জমা দিতে হবে।

❖ নৃত্যের জন্য কবিতা/গানের তালিকা ( যে কোনো একটি নির্বাচন করতে হবে )

- গান : ‘জাগো নারী জাগো বহ্নিশিখা’ — কাজী নজরুল ইসলাম
- কবিতা : ‘আমি সেই মেয়ে’ — শুভ দাশগুপ্ত
- গান : ‘চিৎকার কর  মেয়ে’ — আকাশ চক্রবর্তী